অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল র‍্যাপিড ট্রানজিট লাইনের জন্য নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষকে 102 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

তহবিলটি ইস্ট বাফেলোতে বিনিয়োগ করার গভর্নরের ঐতিহাসিক প্রতিশ্রুতিকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে একটি স্বল্প নিঃসরণের বা নিঃসরণমুক্ত বাস র‍্যাপিড ট্রানজিট (Bus Rapid Transit) লাইনের নকশা ও নির্মাণের জন্য নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষ (Niagara Frontier Transportation Authority, NFTA), মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ (United States Department of Transportation) থেকে 102 মিলিয়ন মার্কিন ডলার পাবে। প্রকল্পটি বাফেলো সিটির বেইলি অ্যাভিনিউয়ের সংলগ্নে নিরাপত্তা, সচলতা, ও সংযুক্তির উন্নয়ন করবে যার মধ্যে থাকবে হাঁটার সুযোগ, বাইক চালানোর সুযোগ, এবং সাশ্রয়ী পরিবহনের উন্নয়ন।

"কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্প (Kensington Expressway Project) থেকে শুরু করে খাদ্য নিরাপত্তা, কর্মীবাহিনীর বিকাশ এবং এখন বেইলি অ্যাভিনিউয়ের ট্রানজিট করিডোরে অভীষ্ট বিনিয়োগ পর্যন্ত, স্টেট এবং ফেডারেল সরকার ইস্ট বাফেলোতে রেকর্ড পরিমাণ প্রতিশ্রুতি প্রদান করেছে," **গভর্নর হোকল বলেন।** "এই বাস র‍্যাপিড ট্রানজিট ব্যবস্থাটি প্রতিদিন হাজার হাজার বাফেলোর অধিবাসীদের সেবাদান করবে, নিরাপত্তা ও সংযুক্তিকে অগ্রাধিকার প্রদান করবে, এবং আমাদের বাতাস যাতে আগামী বহু প্রজন্ম ধরে পরিচ্ছন্ন থাকে তা নিশ্চিত করবে।"

বেইলি অ্যাভিনিউ বাফেলোর ইস্ট সাইডে অবস্থিত এবং এটি বাফেলো সিটির ইস্টার্ন প্রান্তের প্রায় সম্পূর্ণ দৈর্ঘ্যজুড়ে রয়েছে, যা নিচের এলাকাসমূহের মধ্যে দিয়ে গিয়ে তাদের পৃথক করেছে: কেনসিংটন-বেইলি, কনফিল্ড, স্কিলার পার্ক, জেনিসি-মোজেল, লাভজয়, কায়সারটাউন, সেনেকা ব্যাবকক, এবং হপকিন্স-টিফট।

করিডোরে অধিক সংখ্যক মোটরযান ট্র্যাফিক এবং মানুষের হাঁটা, বাইক চালানো, বা ট্রানজিট গ্রহণের সীমিত সুযোগ মিলিত হওয়ার কারণে বেইলি অ্যাভিনিউ বর্তমানে সম্প্রদায়ে যাওয়া আসার জন্য উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা উপস্থাপন করে। যানবাহনের ট্র্যাফিকের কারণে স্থানীয় অভিজ্ঞতাকে বিসর্জন দিতে হয়েছে, যা অতি দ্রুত গাড়ি যাওয়া, অব্যবস্থাপিত মোড় ঘুরানো, একাধিক উদ্দেশ্যে ব্যবহারের লেন, এবং রাস্তা পারাপারের বিপজ্জনক অভিজ্ঞতার কারণে বিপর্যস্ত হয়ে আছে।

তহবিলটি যে প্রকল্পসমূহকে সমর্থন করবে তার মধ্যে রয়েছে:

- রাস্তার রেট্রোফিটিং (বাস লেন, মোবিলিটি হাব, বাইক রেক, কার্ব, সাইডওয়াক, অ্যাক্সেসিবল কার্ব র্যাম্প, ক্রসওয়াক, ইত্যাদি);
- স্বল্প নিঃসরণের বা নিঃসরণমুক্ত যানবাহন এবং সংশ্লিষ্ট অবকাঠামো ক্রয় করা; এবং
- ট্রানজিটকেন্দ্রিক বিকাশ পরিকল্পনা, কমিউনিটি আউটরিচ এবং জড়িতকরণ, এবং একটি সমতার ও অন্তর্ভুক্তিকর পরিকল্পনা।

তহবিলটি সম্ভব করার মাধ্যমে গভর্নর ইস্ট বাফেলোতে সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত কোর্টের তার প্রতিশ্রুতিকে আরেকবার প্রমাণ করেছেন। প্রকল্পটির পাশাপাশি, ইস্ট বাফেলো কেনসিংটন এক্সপ্রেসওয়েতে 1 বিলিয়ন মার্কিন ডলার পরিবহন বিনিয়োগের একটি কেন্দ্রীয় অংশ, প্রকল্পটি ইস্ট বাফেলোর কেনসিংটন করিডোরে বিচ্ছিন্ন অংশজুড়ে পূর্ব-পশ্চিমের এলাকাসমূহকে পুনরায় সংযুক্ত করার উদ্দেশ্যে কাজ করে, এবং একই সাথে এক্সপ্রেসওয়ে যেই গুরুত্বপূর্ণ আঞ্চলিক পরিবহন সংযোগ প্রদান করে তা ক্ষতিগ্রস্ত না করে হামবোল্ট পার্কওয়েতে প্রথমে যেই সবুজ স্থান প্রদান করা হয়েছিলো সেটিকে পুনঃস্থাপিত করে।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "বেইলি অ্যাভিনিউ হলো ইস্ট সাইডের মেরুদণ্ড এবং বাফেলোর ব্যস্ততম করিডোরসমূহের একটি, কিন্তু কাজে যাওয়ার সময় NFTA বাসের পেছনে আটকে পড়া যে কাউকে জিজ্ঞেস করলেই জানা যাবে এটি সর্বাধিক বিরক্তিকর ট্র্যাফিক হতে পারে যেখানে প্রতি বছর কয়েক ডজন সংঘর্ষ হয়ে থাকে। নতুন বেইলি অ্যাভিনিউ বাস র্যাপিড ট্রানজিট লাইন নির্মাণের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদত্ত অর্থ ভিড় ও সংঘর্ষকে বাফেলোর অধিবাসীদের জন্য আরো মসৃণ একটি যাত্রাপথে পরিণত করতে পারবে। সাশ্রয়ী পরিবহন দ্বারা সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করা; বাফেলোতে বহু বছর ধরে বিপর্যস্ত পড়ে থাকা, বহু দিন পূর্বে হওয়া উচিত ছিলো এমন নিরাপত্তা ও অবকাঠামো উন্নয়নকাজ করার মাধ্যমেই একটি উত্তম ভবিষ্যতের ভিত্তি স্থাপন করা যাবে বলেই আমি এই কর্মসূচিটি তৈরি করেছি। বাফেলো ইউনিভার্সিটির (University at Buffalo, UB) সাউথ ক্যাম্পাসের শিক্ষার্থীদের থেকে শুরু করে বেইলি অ্যাভিনিউয়ের ভেটেরান্স অ্যাফেয়ার্সে (Veterans Affairs, VA) যাওয়ার জন্য এই বাস রুট ব্যবহার করা ভেটেরান পর্যন্ত, তহবিলটি সকলের জন্য যাতায়াতের সময় কমিয়ে দিবে এবং বাফেলো অধিবাসীদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য আরো নিরলস সংযোগ তৈরি করবে। ক্লিন্টন-বেইলি ফার্মার্স মার্কেটে তাজা সাশ্রয়ী খাদ্যের জন্য যাত্রা, বা কমিউনিটি সেন্টার বা স্থানীয় ফার্মেসিতে বাস যাত্রা যাই হোক না কেনো, এই উন্নয়নকাজ ইস্ট সাইড এবং এর বাসিন্দাদের একটি উজ্জ্বলতর ভবিষ্যতের রাস্তায় স্থাপন করে দিবে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "বাফেলোর ইস্ট সাইডে এই বিনিয়োগ আরো বহুদিন পূর্বেই হওয়া উচিত ছিলো, এটি সম্ভব করতে জোর প্রদান করতে পেরে আমি গর্বিত। এই প্রকল্পটির অর্থায়ন করা রিকানেক্টিং কমিউনিটিজ পাইলট কর্মসূচি (Reconnecting Communities Pilot Program) তৈরির নেতৃত্ব দিতে আমি সাহায্য করেছি। শীঘ্রই, এটি হাজার হাজার ইস্ট বাফেলোর বাসিন্দাকে তাদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে দ্রুত, কম খরচে, এবং নিরাপদে নিয়ে যাবে, এবং বাফেলোকে আরো সমতার এবং আরো বাসযোগ্য করে দিবে।

আমি এই প্রকল্পের একজন গর্বিত সমর্থক এবং বাফেলোর উন্নয়নের জন্য কংগ্রেসে লড়াই চালিয়ে যাবো।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (New York State Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট এমন একটি পরিবহন নেটওয়ার্ক গঠনের জন্য ঐতিহাসিক পদক্ষেপ গ্রহণ করছে যা এলাকাসমূহকে পুনরায় সংযুক্ত করবে এবং সকল সক্ষমতার সকল ব্যবহারকারীর জন্য উন্নত অ্যাক্সেস প্রদান করবে। NFTA এর বাস র‍্যাপিড ট্রানজিট এবং সম্পর্কিত বিনিয়োগ একটি পুনঃকল্পিত কেনসিংটন এক্সপ্রেসওয়ের সাথে মানানসই, যেটিকে আমরা এই বছর অগ্রসর করছি, এটি ইস্ট বাফেলোর বাসিন্দাদের তাদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে আরো কার্যকরভাবে যেতে সাহায্য করে, আরো পরিচ্ছন্ন, স্বল্প নিঃসরণের বা নিঃসরণমুক্ত যানবাহন ব্যবহার করে।এটি ইস্ট বাফেলোর বাসিন্দাদের জন্য আরেকটি বড় বিজয়।"

নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক কিম মিনকেল বলেন, "বাফেলোতে উদ্ভাবনী, বাস র্যাপিড ট্রানজিট নিয়ে আসার এই ঐতিহাসিক বিনিয়োগের জন্য NFTA গভর্নর ক্যাথি হোকলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। এই তহবিলটি সচলতাকে উন্নত করবে, চাকরিতে যাওয়ার সুযোগ বৃদ্ধি করার মাধ্যমে অর্থনৈতিক বিকাশ সম্ভব করবে এবং আগামী বহু প্রজন্মের জন্য পরিবেশ সংক্রান্ত টেকসই দশা প্রদান করবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন